# বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে পিএইচডি ডিগ্রি প্রদানের সুযোগ

নিজস্ব প্রতিবেদক



প্রতিনিধিদলের সঙ্গে বৈঠক

শর্ত সাপেক্ষে দেশের বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো পিএইচডি ডিগ্রি প্রদানের সুযোগ পাবে বলে জানিয়েছেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) সদস্য অধ্যাপক ড. বিশ্বজিৎ চন্দ। তিনি বলেছেন, এই মুহূর্তে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের পিএইচডি ডিগ্রি দেওয়ার সুযোগ নেই। তবে তারা পাবলিক বিশ্ববিদ্যালয়ের মতো গবেষণা করতে আগ্রহী। স্থায়ী সনদ পাওয়া প্রথম সারির বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো শর্ত সাপেক্ষে মালয়েশিয়ার বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যৌথ পিএইচডি ডিগ্রি দিতে পারে।

আজ বৃহস্পতিবার ইউজিসিতে এডুকেশন মালয়েশিয়া গ্লোবাল সার্ভিসেসের (ইএমজিএস) চার সদস্যের এক প্রতিনিধিদলের সঙ্গে বৈঠককালে বিশ্বজিৎ চন্দ এ কথা বলেন। ইএমজিএসের চেয়ারম্যান এবং মালয়েশিয়া পররাষ্ট্রমন্ত্রীর বিশেষ দূত ড. আব্দুর রাজ্জাক প্রতিনিধিদলের নেতৃত্ব দেন।

বিশ্বজিৎ চন্দ বলেন, ‘যৌথ ব্যবস্থাপনার ফলে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর গবেষণার সুযোগ তৈরি হবে।’ এ সময় যৌথ পিএইচডি ডিগ্রি প্রদান বিষয়ে তিনি মালয়েশিয়া সরকারর সঙ্গে একটি চুক্তি স্বাক্ষরের আগ্রহ প্রকাশ করেন।

একই সঙ্গে প্রতিনিধিদলকে মালয়েশিয়ায় অধ্যয়নরত বাংলাদেশি শিক্ষার্থীদের উচ্চশিক্ষার উপযুক্ত পরিবেশ নিশ্চিত করা এবং পড়াশোনার পাশাপাশি চাকরির সুযোগ তৈরির আহ্বান জানান। মালয়েশিয়ায় অধ্যয়নরত বাংলাদেশি শিক্ষার্থী ও অন্য নাগরিকদের যেন মর্যাদার দৃষ্টিতে দেখা হয় সেদিকে খেয়াল রাখার অনুরোধ করেন।

ড. আব্দুর রাজ্জাক বলেন, মালয়েশিয়া উচ্চশিক্ষা আন্তর্জাতিক মানে উন্নীতকরণে চেষ্টা করছে। সেখানে বেশ কিছু মানসম্পন্ন সরকারি, বেসরকারি ও আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয়ের শাখা ক্যাম্পাস রয়েছে।

মালয়েশিয়া উচ্চশিক্ষার মান বজায় রাখতে ভিসা প্রক্রিয়া সহজ করা, ট্যালেন্ট হান্ট করাসহ যৌথ পিএইচডি ডিগ্রি প্রদানের উদ্যোগ গ্রহণ করেছে। এ ছাড়া বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও স্টাফদের প্রশিক্ষণের ব্যবস্থা করছে। যৌথ গ্র্যাজুয়েশন ডিগ্রি ও গবেষণা সহযোগিতা বৃদ্ধি করছে।

সভায় ইউজিসি সচিব ড. ফেরদৌস জামান, গবেষণা সহায়তা ও প্রকাশনা বিভাগের পরিচালক ড. মো. ফখরুল ইসলামসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।